দৈনিক ইত্তেফাক
...তারিখ ... 16 OCT 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

21

# চট্টগ্রাম ভার্সিটিতে সংঘর্ষে

## ৫ জন আহত

(চট্টগ্রাম অফিস)

গতকাল (সোমবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে দুইটি বিবদমান ছাত্র সংগঠনের মধ্যে এক সংঘর্ষে ৫ জন আহত হয়। রবিবার চট্টগ্রাম শহরে সর্বদলীয় শোক সভায় চাকসু'র জিএস সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের নেতা আজিম উদ্দীন এবং চাকসু'র সদস্য ও ছাত্র ইউনিয়ন নেতা জহির উদ্দীনের মধ্যে বক্তব্য লইয়া বাক বিতণ্ডার জের হিসাবে এই সংঘর্ষ ঘটে বলিয়া জানা গিয়াছে।

সকাল ১০ টায় চাকসু'র জি এস যখন তাহার সংগঠনের কর্মীদের লইয়া আলাপ করিতেছিল, তখন ছাত্র ইউনিয়নের কিছু সংখ্যক কর্মী হঠাৎ হামলা চালায়। ফলে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে।

সংঘর্ষে চাকসুর জিএস আজিম

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### চট্টগ্রাম ভার্সিটি

(১ম পৃঃ পর)

উদ্দীন, ছাত্র ফ্রন্টের মাহবুব, ছাত্র ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি মামুন, মিন্টু, অজয়, শংকর আহত হয়। মামুন, মিন্টু এবং মাহবুবকে গুরুতর অবস্থায় বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে ভর্তি করা হয়।

এই সংঘর্ষের কিছুক্ষণ পর ছাত্র ফ্রন্টের কর্মীরা ছাত্র ইউনিয়নের কর্মীদের ধাওয়া করিলে ইউনিয়ন কর্মীরা ফ্যাকাল্টি হইতে দ্রুত সরিয়া যায়।

বিকালে চাকসু'র ভিপি নাজিম উদ্দীনের সভাপতিত্বে সর্বদলীয় ছাত্র ঐক্যের এক জরুরী সভায় জিএস-এর উপর হামলার নিন্দা জানানো হয়।

### পলিটেকনিকে বোমাবাজি ॥ ৮ জন গ্রেফতার

গতকাল সকালে চট্টগ্রাম পলিটেকনিক ইনষ্টিটিউট ক্যাম্পাসে বোমাবাজির ঘটনা ঘটে। এসময় পুলিশ ৮ জন ছাত্রকে গ্রেফতার করে। গ্রেফতারকৃতরা হইতেছে, মঈনউদ্দিন, শাহাবুদ্দিন, আবুল আব্বাস, প্রিয়তোষ দে, খায়রুল ইসলাম, মাসুদ করিম। তাহারা সকলেই এই শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র। গ্রেফতারকৃতদের মধ্যে মেডিকেল কলেজে মিঠু হত্যার ১ জন আসামীসহ বিভিন্ন সন্ত্রাসী ঘটনার সহিত জড়িত কয়েকজন আসামী রহিয়াছে। চট্টগ্রাম পলিটেকনিক ইনষ্টিটিউট ছাত্রসংসদ ও ছাত্র দল পলিটেকনিক শাখা নেতৃবৃন্দ একই বক্তব্য দিয়া ২টি পৃথক বিবৃতিতে অভিযোগ করে যে, একটি ট্রাক যোগে ৩০/৪০ জন সশস্ত্র যুবক ক্যাম্পাসে প্রবেশ করিয়া বোমাবাজি ও গুলী চালাইয়া সন্ত্রাসী তৎপরতা চালায়। উপস্থিত ছাত্ররা তাহাদের প্রতিহত করে। পরে ছাত্র সংসদ জি,এস-এর সভাপতিত্বে ক্যাম্পাসে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় এই ঘটনার জন্য ছাত্রলীগ (হা-অ)-কে দায়ী করা হয়। এবং গ্রেফতারকৃত ও ঘটনায় জড়িত ইনষ্টিটিউট ছাত্রদের বহিষ্কারের দাবী করা হয়। এক সূত্রে জানায়, ইনষ্টিটিউটের ৮ জন ছাত্র লীগ (হা-অ) দলীয় কর্মী গ্রেফতারের প্রতিবাদে ইনষ্টিটিউট সড়ক মুখে ছাত্রলীগের এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন রায়হান ইউসুফ। সভায় বলা হয়, ছাত্রলীগের এক শান্তিপূর্ণ মিছিল হইতে ষড়যন্ত্রমূলকভাবে ছাত্রলীগ কর্মীদের গ্রেফতার করা হয়।